# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মা বাপের পছন্দমতো বিয়ে করা কি ছেলের জন্য জরুরী? মা বাপ যখন নিজেদের কোন আত্মীয় বন্ধুর মেয়ের সাথে বিয়ে দিতে চায়, অথবা বেশি পণদাতা ঘরের মেয়ের সাথে বিয়ে দিতে চায়, অথচ ছেলের পছন্দ না হয়, তাহলে কি তাদের বাধ্য হয়ে সেই বিয়ে করা জরুরী? দ্বীনদার মেয়ে যদি বাপ মা পছন্দ না করে, তাহলে ছেলে কী করতে পারে?

ছেলের মেয়ের পছন্দ নয়, তার সাথে জোর করে বিয়ে দেওয়া বাপের জন্য জায়েয নয়। বরং বরের সম্মতি না থাকলে জোর করে বিয়ের বন্ধনই হবে না। সুতরাং ছেলে সে ক্ষেত্রে বাপের কথা মানতে বাধ্য নয়। বাপ মা নিজেদের স্বার্থ দেখলে বউ পছন্দে দ্বীনদারিকে প্রাধান্য না দিলে ছেলে নিজেই সে বিয়ে করতে পারে, (ইবনে উষাইমীন) কিন্তু যে মেয়ে মা বাপের পছন্দ নয়, সে মেয়েকে নিজে নিজে বিয়ে করে ঘরে আনলে যদি তারা ঘরে জায়গা না দেয়, তাহলে অবশ্যই তা বড় অন্যায়। অবশ্য মেয়ে খারাপ বা অসতী হওয়ার ফলে যদি মা বাপ বাদ সাধে, তাহলে সে কথা ভিন্ন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন